

তারিখ: ২৯.০৮.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রামের উন্নয়নে সিটি কর্পোরেশনের সীমানা বৃদ্ধি প্রয়োজন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, সময়ের সাথে সাথে চট্টগ্রাম নগরীতে জনবসতি ও অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পাওয়ায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সীমানা বৃদ্ধি প্রয়োজন। **শুক্রবার** চট্টগ্রামের আনোয়ারা বোয়ালিয়া ২নং বারশত ইউনিয়নের বায়তুন নূর কেন্দ্রীয় জামে মসজিদের পুনঃনির্মাণ কাজের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি। আল্লামা মুফতি খলিল আহমদ কুরাইশির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা সাবেক সংসদ সদস্য সরোয়ার জামাল নিজাম, এডভোকেট ফউজুল আমিন চৌধুরী, মনজুরুল আলম মনজু, সাবেক চেয়ারম্যান হাসান চৌধুরী, সানি নিজাম, সাবেক চেয়ারম্যান আনহারসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও মুসল্লিরা উপস্থিত ছিলেন। সিটি মেয়র বলেন, “বর্তমানে সিটি কর্পোরেশনের বাইরে থাকা বিপুল জনগোষ্ঠী প্রতিদিন নগরে এসে কাজ করছে, ব্যবসা-বাণিজ্য করছে। অথচ এ অঞ্চলগুলো কর্পোরেশনের আওতার বাইরে থাকায় এসব এলাকায় উন্নয়ন ব্যাহত হচ্ছে। ফলে, অর্থনৈতিক সম্প্রসারণ না হওয়ায় আমরা অনেকখানি রাজস্ব হারাচ্ছি। এটি আমাদের জন্য গুরুতর চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। যদি আমরা দেশকে ভালোবাসি, যদি চট্টগ্রামকে ভালোবাসি, তবে এ নগরীকে সম্প্রসারণ করতে হবে। দক্ষিণ চট্টগ্রামের অনেক অংশ, বিশেষ করে কর্ণফুলি ও আনোয়ারার বেশ কিছু অঞ্চলকে নগরের সঙ্গে যুক্ত করা প্রয়োজন।” তিনি আরও বলেন, “সন্ত্রাস, দুর্নীতি ও লুটপাটের বিরুদ্ধে আমরা অতীতে আন্দোলন করেছি। মানুষের মৌলিক অধিকার ও গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য সংগ্রাম করেছি এবং ভবিষ্যতেও জনগণের কল্যাণে জনগণকে সাথে নিয়ে কাজ করে যাবা।” সভা শেষে দোয়া পরিচালনা করা হয় এবং দেশ-জাতির কল্যাণ কামনা করা হয়।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮